কারিকুলাম কোড: ৩০

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২১০।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১৭০ তারিখ: ২৫ নভেম্বর ২০২৬ খ্রি.

জাতীয় দক্ষতামান বেসিক কোর্স এ

ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অনুমোদনপ্রাপ্ত জাতীয় দক্ষতামান বেসিক (৩/৬ মাস মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহে ২০২৭ সালের জানুয়ারি-মার্চ, জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন সেশনে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক প্রশিক্ষণার্থী ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে ভর্তি কার্যক্রম শুরুর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. শিক্ষাক্রম পরিচিতি:

১.১ ২০২৭ সালের জানুয়ারি-মার্চ, জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন এ তিন সেশনে জাতীয় দক্ষতামান বেসিক কোর্স পরিচালিত হবে। প্রথম দুইটি সেশনের ক্লাস শুরু হবে ০৩ জানুয়ারি ২০২৭ খ্রি. রোজ রবিবার থেকে এবং তৃতীয় সেশনটির ক্লাস শুরু হবে ০১ এপ্রিল ২০২৭ খ্রি. রোজ বৃহস্পতিবার থেকে।

১.২ জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রমের 'প্রবিধান ২০২৫' মোতাবেক ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে এবং উক্ত রুটিনের এক কপি ক্লাস শুরুর ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে (cs.short@bteb.gov.bd)। ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, শ্রেণি কক্ষ নম্বর, ল্যাবের নাম ও শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।

১.৩ সাধারণ ট্রেডের ক্ষেত্রে ৩৬০ ঘন্টার মধ্যে ৬০ ঘন্টার ক্লাস কমিউনিকেটিভ ইংলিশ এর জন্য নির্ধারিত থাকবে। মোট ৫০০ নম্বরে মূল্যায়ন হবে, যার মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিকের অনুপাত হবে ১:৪।

১.৩.১ তাত্ত্বিক ধারাবহিকের মধ্যে ১০ নম্বর ইংরেজি ও ৩০ নম্বর সংশ্লিষ্ট ট্রেড এবং চূড়ান্ত পরীক্ষায় ৫০ নম্বর ট্রেডের জন্য ও ১০ নম্বর ইংরেজির জন্য নির্ধারিত থাকবে (বিস্তারিত জানতে 'প্রবিধান ২০২৫' এর ৯.৯ ধারা দেখুন)।

১.৩.২ ব্যবহারিক ৪০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর টিউটরিয়াল, ১০০ নম্বর জব অ্যাসাইনমেন্ট ও ২০০ নম্বরের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১.৪ ভাষা ট্রেডের (ইংরেজি, জাপানিজ, চাইনিজ, কোরিয়ান, আরবি) নম্বর বিন্যাসের ক্ষেত্রে 'প্রবিধান ২০২৫' এর ১.৪ (খ) অনুসরণ করতে হবে।

১.৫ জানুয়ারি-মার্চ সেশনের চূড়ান্ত পরীক্ষা শুরু হওয়ার সম্ভব্য তারিখ মার্চ মাসের শেষ শুক্রবার এবং এপ্রিল-জুন ও জানুয়ারি-জুন সেশন দুইটির পরীক্ষা শুরু হওয়ার সম্ভব্য তারিখ জুন মাসের শেষ শুক্রবার/শনিবার।

০২. ভর্তি সংক্রান্ত তথ্য:

২.১ ভর্তির সময়সূচী: ২০২৭ সালের জানুয়ারি-মার্চ ও জানুয়ারি-জুন সেশনের ভর্তি ০১ ডিসেম্বর ২০২৬ খ্রি. থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত এবং এপ্রিল-জুন সেশনের ভর্তি ১৫ মার্চ ২০২৭ খ্রি. থেকে ৩০ মার্চ ২০২৭ খ্রি. পর্যন্ত চলবে।

২.২ কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম **অষ্টম শ্রেণি/জেএসসি/জেডিসি** পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীগণ এ কোর্সে ভর্তি হতে পারবে।

২.৩ প্রতি ট্রেডে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।

২.৪ ভর্তি সংক্রান্ত তথ্য, চলমান ট্রেডের নাম ও বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে যাবে।
লিংক: ০১. www.bteb.gov.bd ⇨ প্রতিষ্ঠানের তালিকা ⇨ জাতীয় দক্ষতামান বেসিক
০২. www.bteb.gov.bd ⇨ প্রতিষ্ঠানসমূহ ⇨ স্বল্পমেয়াদি কোর্স প্রতিষ্ঠানসমূহ ⇨ জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা কোর্স স্ব-উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের তালিকা

২.৫ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।

০৩. রেজিস্ট্রেশনের নিয়মাবলি:

৩.১ এ শিক্ষাক্রমে প্রশিক্ষনার্থীদের তথ্য অনলাইনে ই-সেবা প্লাটফর্ম (bteb.gov.bd ⇨ ই-সেবা ⇨ প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd ⇨ প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

৩.২ তথ্য প্রেরণের সময়সূচী: ২০২৭ সালের জানুয়ারি-মার্চ ও জানুয়ারি-জুন সেশনের প্রশিক্ষনার্থীদের তথ্য ২৮ জানুয়ারি ২০২৭ খ্রি. এর মধ্যে এবং এপ্রিল-জুন সেশনের প্রশিক্ষনার্থীদের তথ্য ২৯ এপ্রিল ২০২৭ খ্রি. এর মধ্যে প্রেরণ করতে হবে।

৩.৩ প্রশিক্ষনার্থীগণের রেজিস্ট্রেশনের মেয়াদ সেশন অনুযায়ী একটি চূড়ান্ত পরীক্ষা পর্যন্ত বলবৎ থাকবে। কোনো প্রশিক্ষণার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে এবং পুনরায় ভর্তি হতে চাইলে তাকে পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

৩.৪ শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা ও সনদপত্র ফি ১০০.০০ টাকাসহ সর্বমোট ৪৫০.০০ টাকা ভর্তি ফি হিসেবে প্রদান করতে হবে।

(প্রকৌশলী অনিমেশ পাল)
পরিচালক (কারিকুলাম)
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: director.curriculum@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১৭০ তারিখ: ২৫ নভেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩. উপসচিব (কারিগরি অধিশাখা-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সচিব (উপসচিব), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১১. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

(মোঃ মাছুম বিল্লাল সরদার)
কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স) অ.দা.
মোবাঃ ০১৩২২৮৩০১০০
ইমেইল: cs.short@bteb.gov.bd